বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২২.১৮.৫৯২ তারিখঃ ২৯/১২/২০২০খ্রিঃ

বিষয়ঃ সোনালী ব্যাংক-এ সুফলভোগী সদস্যদের ১০০/-(একশত) টাকায় ব্যাংক হিসাব খোলাসহ পরিচালনার সুযোগ প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- প্রকা/বিডিডি/এমডি/বিআরডিবি/হিসাব খোলা/১০৯৭(১), তারিখঃ ২৮/১২/২০২০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প/কর্মসূচির সুফলভোগী সদস্যদের ১০০/-(একশত) টাকায় ব্যাংক হিসাব খোলাসহ পরিচালনার সুযোগ প্রদান সংক্রান্ত সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক জারিকৃত পত্রটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো। উল্লেখ্য বর্ণিত ব্যাংক হিসাবসমূহ খোলার সময় সুফলভোগী সদস্যদের জাতীয় পরিচয়পত্র যাচাই ও SMS Alart Service চালু রাখার বিষয়টি সংশ্লিষ্ট ব্যাংকের শাখা ব্যবস্থাপকের মাধ্যমে নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৯/১২/২০২০

মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক (IRESPPW)
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি......(কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

অনুলিপি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

১। উপপরিচালক, বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩। প্রোগ্রামার (IRESPPW), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো (সকল), বিআরডিবি।
৫। হিসাব সহকারী, ইরেসপো (সকল), বিআরডিবি।
৬। মাঠ সংগঠক, ইরেসপো (সকল), বিআরডিবি।
৭। সংশ্লিষ্ট/অফিস কপি।

সদয় অবগতির জন্য ঃ

১। মহপরিচালক মহোদয়ের একন্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২। পরিচালক (অর্থ/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

সোনালী ব্যাংক লিমিটেড

Sonali Bank Limited

বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন

প্রধান কার্যালয়, ঢাকা।

দৃপ্ত শপথ মুজিব বর্ষে
আমরা যাবো সবার শীর্ষে

**নং-প্রকা/বিডিডি/এমডি/বিআরডিবি/হিসাব খোলা/** তারিখ ঃ ২৮ ডিসেম্বর, ২০২

জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক লিমিটেড
জেনারেল ম্যানেজার'স অফিস, খুলনা
জেনারেল ম্যানেজার'স অফিস, বরিশাল এবং
জেনারেল ম্যানেজার'স অফিস,ফরিদপুর।

বিষয় ঃ **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প/কর্মসুচী'র সুফলভোগী সদস্যদের ১০০/-(একশত) টাকায় ব্যাংক হিসাব খোলাসহ পরিচালনার সুযোগ প্রদান প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে এ ব্যাংকের সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর মহোদয় বরাবর লিখিত **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড,** পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকার ২৫ নভেম্বর, ২০২০ তারিখের ৪২.৬২.০০০০.৯৬৬.০০.০২২.১৮.৪৬০ সংখ্যক পত্রের সূত্র উল্লেখ্য **(কপি সংযুক্ত)**।

২.০০ঃ সূত্রোক্ত পত্রে **বিআরডিবি** কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প/কর্মসুচী'র আওতায় খুলনা ও বরিশাল বিভাগের ১৫টি জেলাধীন ৫৯টি উপজেলায় **(সংযুক্ত তালিকা মোতাবেক))** দরিদ্র, অসহায় ও সুবিধাবঞ্চিত নারীদের দারিদ্রতা হ্রাসসহ আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে চলমান ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ প্রদান কার্যক্রমে সুফলভোগী সদস্যদের ১০০/-(একশত) টাকায় ব্যাংক হিসাব খোলাসহ পরিচালনার সুযোগ প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে ।

৩.০০ সূত্রোক্ত পত্রের বিষয়বস্তু কর্তৃপক্ষ সমীপে উপস্থাপন করা হলে কর্তৃপক্ষ নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেনঃ

ক) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক পরিচালিত খুলনা ও বরিশাল বিভাগের ১৫টি জেলাধীন ৫৯টি উপজেলায় দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প/কর্মসুচী'র আওতায় (সংযুক্ত তালিকা অনুযায়ী) সুফলভোগী সদস্যদের (যাদের অদ্যাবধি সোনালী ব্যাংক লিমিটেডে কোনো ব্যাংক হিসাব নাই) ১০০/-(একশত) টাকায় সাধারন সঞ্চয়ী ব্যাংক হিসাব খোলাসহ পরিচালনার সুযোগ প্রদানের জন্য সংশ্লিষ্ট শাখা সমুহকে জানিয়ে দেয়া ;

খ) এ সকল সাধারন সঞ্চয়ী হিসাবে নুন্যতম স্থিতি ১০০(একশত) টাকা অবশ্যই রাখতে হবে ;

গ) সাধারন সঞ্চয়ী ব্যাংক হিসাবের অন্যান্য শর্তাবলী এক্ষেত্রে অপরিবর্তিত থাকবে ; এবং

ঘ) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প/কর্মসুচী'র আওতায় সুফলভোগী সদস্যদের (সংযুক্ত তালিকা অনুযায়ী) এ সকল হিসাব খোলার জন্য CBS কে জানিয়ে দেয়া ।

এমতাবস্থায়, উপরোক্ত বিষয়ের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাদেরকে অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত

স্বাঃ-

(গোলাম মোজাদ্দেদুর রহমান)

ডেপুটি জেনারেল ম্যানেজার

সংযুক্তিঃ বর্ননা মোতাবেক।

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। মহাপরিচালক (গ্রেড-১), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

০২। ডেপুটি জেনারেল ম্যানেজার, ইরফরমেশন এন্ড টেকনোলজি ডিভিশন,সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। ডেপুটি জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, প্রিন্সিপাল অফিস, খুলনা/সাতক্ষীরা/যশোর/ ঝিনাইদহ/বরিশাল/পটুয়াখালী/চুয়াডাঙ্গা ।

৪। এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, রিজিওনাল অফিস, বাগেরহাট/নড়াইল/ভোলা/ পিরোজপুর ।

৫। ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, সংশ্লিস্ট শাখাসমুহ ।

ডেপুটি জেনারেল ম্যানেজার